আমার উম্মতের ভ্রমণ আল্লাহর পথে জিহাদ করার মধ্যেই

আবূ উমামাহ রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, এক লোক বলল, হে আল্লাহর রাসূল! আমাকে ভ্রমণ করার অনুমতি দিন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “নিশ্চয় আমার উম্মতের জন্য ভ্রমণ হচ্ছে মহান আল্লাহর পথে জিহাদ।”
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

এ হাদীসে বর্ণনা করা হয়েছে যে, সমস্ত ইবাদাত তাওকিফী তথা শরীয়ত যেভাবে পালন করতে আদেশ দিয়েছে সেভাবে পালন করা। সুতরাং পবিত্র শরী‘আত যে কাজ যেভাবে পালন করার আদেশ দিয়েছে সেভাবেই পালন করেত হবে। এ কারণেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে ইবাদাতের উদ্দেশ্যে সংসার ত্যাগ করে জমিনে ভ্রমণ করার ব্যাপারে প্রশ্নকারীর প্রশ্নের উত্তরে বলেছেন যে, এটি নাসারাদের কাজ। ইসলামের প্রচার ও প্রসারের জন্যই দেশ ভ্রমণ করা চাই। আর মুসলিমদের জন্য দেশভ্রমণ হবে আল্লাহর দ্বীনকে সমুন্নত করতে আল্লাহর পথে জিহাদ করার জন্য।

http://sunnah.global/hadeeth/bn/show/5033